প্রমিস
ফার্মেসি অ্যান্ড ইজি শপ
বাড়ির পাশেই বিশ্বস্ততার নাম

নিয়োগ বিজ্ঞপ্তি



পদের নাম : ফার্মেসি ম্যানেজার
পদের সংখ্যা : ১টি
কর্মস্থল : বাংলাদেশের যেকোন স্থানে
চাকুরীর ধরণ : অনিয়মিত/চুক্তিভিত্তিক
বেতন, ভাতা : আলোচনা সাপেক্ষে
বেতন পুনর্বিবেচনা : বার্ষিক
উৎসব ভাতা : ২টি
প্রার্থীর বয়স : **সর্বোচ্চ ৪০ বছর। অভিজ্ঞতার ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।**

দায়িত্বের সংক্ষিপ্ত বিবরণ:

- প্রতিষ্ঠানের নীতিমালা ও ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA)-এর প্রযোজ্য নির্দেশনা অনুসরণ করে আউটলেটের সার্বিক কার্যক্রম পরিচালনা ও তদারকি করা।
- নির্ধারিত বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর উদ্যোগ গ্রহণ এবং গ্রাহকদের সন্তুষ্টি ও মানসম্মত সেবা নিশ্চিত করা।
- স্থানীয় বাজার ও গ্রাহকের চাহিদা অনুযায়ী ওষুধ ও অন্যান্য পণ্যের সময়োপযোগী সংগ্রহ, পর্যাপ্ত মজুদ, বিক্রয় এবং সঠিক ইনভেন্টরি ব্যবস্থাপনা নিশ্চিত করা।
- মেয়াদোত্তীর্ণ ও ক্ষতিগ্রস্ত পণ্য শনাক্ত ও পৃথকীকরণ নিশ্চিত করা।
- আউটলেটের কর্মীদের দায়িত্ব বণ্টন, উপস্থিতি, কর্মশৃঙ্খলা ও কর্মদক্ষতা নিয়মিত তদারকি করা।
- দৈনন্দিন ক্রয়-বিক্রয়, নগদ লেনদেন, ব্যাংকিং কার্যক্রম ও আর্থিক হিসাব যথাযথভাবে পরিচালনা, সংরক্ষণ ও সমন্বয় নিশ্চিত করা।
- সাপ্তাহিক ও মাসিক বিক্রয়, মজুদ ও আর্থিক প্রতিবেদন প্রস্তুত করে কর্তৃপক্ষের নিকট দাখিল করা।
- আউটলেটের পণ্য প্রদর্শন, পরিচ্ছন্নতা, নিরাপত্তা এবং নির্ধারিত সময়ে খোলা ও বন্ধ নিশ্চিত করা।
- সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে পেশাদার সম্পর্ক বজায় রাখা এবং পণ্য সংগ্রহ ও সরবরাহ কার্যক্রম সমন্বয় করা।
- অডিট ও মনিটরিং কার্যক্রমে সহযোগিতা, চিহ্নিত অসংগতি সংশোধন এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অন্যান্য নির্দেশনা বাস্তবায়ন করা।

শিক্ষাগত যোগ্যতা:

যেকোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে স্নাতক পাশ। অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। সি গ্রেড ফার্মাসিস্ট লাইসেন্স থাকতে হবে।

অভিজ্ঞতা:

ফার্মেসিতে ৫ বছরের কাজের অভিজ্ঞতা ও ফার্মেসি, সুপারশপ, ডিপার্টমেন্টাল স্টোর ব্যবস্থাপনা সংক্রান্ত সফটওয়্যার ও অ্যান্ড্রয়েড অ্যাপ ব্যবহারে পারদর্শিতা থাকতে হবে।

আবেদনের নিয়মাবলী:

আগ্রহী প্রার্থীদের **BDJobs** অথবা **Padakhep Career Portal: career.padakhep.org** মাধ্যমে আবেদন করতে হবে।

বিস্তারিত জানতে:

আবেদনের শেষ তারিখ: ২৫/১১/২০২৬

